



ইসলামী ব্যাংক

বাংলাদেশ লিমিটেড

সাধারণ সেবা ডিভিশন

প্রধান কার্যালয় : ২০, দিলকুশা বা/এ, ঢাকা

ক্যালেন্ডার ও ডায়েরি-২০১৪ মুদ্রণ কাজের দরপত্র আহ্বান

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর ২০১৪ সালের ক্যালেন্ডার ও ডায়েরি মুদ্রণ, বাধাঁই ও সরবরাহের জন্য আগ্রহী প্রথম শ্রেণীর মুদ্রণকারী/সরবরাহকারী প্রতিষ্ঠান (যাদের ঢাকাতে নিজস্ব উন্নত মানের আধুনিক প্রেস ও স্থাপনা রয়েছে)-এর নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আইটেমসমূহ ও কাজের বিস্তারিত বিবরণ সম্বলিত সিডিউল (ক্যালেন্ডার এবং ডায়েরির জন্য আলাদা আলাদা সিডিউল) প্রতিটি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদমূল্যে (অফেরতযোগ্য) আগামী ২৬.০৮.২০১৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ব্যাংকের সাধারণ সেবা ডিভিশন, ২০, দিলকুশা বা/এ (৬ষ্ঠ তলা), ঢাকা থেকে ক্রয় করা যাবে। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর যে কোন শাখা থেকে এ ব্যাংকের অনুকূলে উদ্ধৃত মূল্যের ২.৫% জামানত পে-অর্ডার আকারে সংযুক্ত করে নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং লেটারসহ সরবরাহকৃত সিডিউলে সরকারী ট্যাক্স, ভ্যাট ইত্যাদিসহ দর নির্ধারণপূর্বক দরপত্র আগামী ২৭.০৮.২০১৩ তারিখে বেলা ০৩:০০টার মধ্যে ব্যাংকের সাধারণ সেবা ডিভিশন, ২০, দিলকুশা বা/এ (৬ষ্ঠ তলা), ঢাকায় রক্ষিত বাক্সে ফেলতে হবে যা একই দিন বেলা ০৩:১০টায় উপস্থিত দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্রের বিজ্ঞপ্তি ব্যাংকের ওয়েব সাইট www.islamibankbd.com -এ দেখা যাবে।

উল্লেখ্য যে, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের কিংবা প্রয়োজনে একাধিক প্রতিষ্ঠানের মাধ্যমে মুদ্রণ কাজ সম্পন্ন করার অধিকার সংরক্ষণ করেন।

যে কোন ব্যাংকিং প্রয়োজনে যোগাযোগ করুন
ইসলামী ব্যাংক কল সেন্টার- ১৬২৫৯

এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট